



শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক গতকাল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে তার কার্যালয়ে দেশের নয়াটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এসএসসি ও দাখিল পরীক্ষার সার্বিক ফলাফলের মূল্যায়ন ও প্রবণতা উপস্থাপন করেন -ছবিঃ পিআইডি

পাবলিক পরীক্ষা নকলমুক্ত করতে প্রধানমন্ত্রীর আহ্বান

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সকল প্রকার পাবলিক পরীক্ষা নকলমুক্ত করতে ঐক্যবদ্ধ প্রয়াস চালাতে শিক্ষক ও
(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃপ্রঃ)

পাবলিক পরীক্ষা (শেষ পৃষ্ঠার পর)

অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, পরীক্ষায় 'নকল করা কেবল অপরাধী নয়, এটি অসম্মানের বিষয়ও বটে। ভবিষ্যতে নকলের এই অভিযোগ হতে স্নেহাস্পদ ছাত্র-ছাত্রীদের রক্ষা করতে আমাদের সকলকে ঐকান্তিক প্রয়াস চালাতে হবে। গতকাল বুধবার ৯টি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানগণ এবারের এসএসসি ও দাখিল পরীক্ষার ফলাফল শীট প্রধানমন্ত্রীর নিকট তাঁর অফিস কক্ষে প্রদান করেন। যথাসময়ে পরীক্ষার ফল প্রকাশের জন্য চেয়ারম্যানগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, নকলের অভিযোগ থেকে আমাদের চিরমুক্ত হতে হবে।

এ সময় শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক বলেন, গেল বছরের তুলনায় এবারের এসএসসি ও দাখিল পরীক্ষার ফলাফল অধিকতর ভাল হয়েছে। তিনি বলেন, এবারের অন্যান্য বোর্ডের তুলনায় যশোর বোর্ডের পরীক্ষা উৎকৃষ্টতর হয়েছে। এ সময় প্রধানমন্ত্রী উৎকৃষ্টতর উদাহরণ সৃষ্টিকারী বোর্ডগুলির উদাহরণ অনুসরণ করতে অন্যদের পরামশ দেন।

ছাত্রীদের উৎসাহবাক্তক ফলাফলে সন্তোষ প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন, ছাত্রীদের জন্য বর্তমান সরকার প্রদত্ত সুযোগ-সুবিধা প্রাপ্তি নিশ্চিত করতে হবে। প্রধানমন্ত্রী ছাত্র-ছাত্রীদের শ্রেণীকক্ষে আন্তরিকতার সাথে পাঠদান করতে শিক্ষক-শিক্ষিকাদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, এরা আমাদেরই সন্তান। তাই তাদের প্রতি যথাযথ দায়িত্ব পালন করা আমাদের নৈতিক কর্তব্য।

শিক্ষা প্রতিমন্ত্রী এএসএম এহসানুল হক মিলন, শিক্ষা উপমন্ত্রী আব্দুস সালাম পিটু, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ডঃ কামাল সিদ্দিকী ও শিক্ষা সচিব শহীদুল আলম এ সময় উপস্থিত ছিলেন।